



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.২৭৫

তারিখ: ২৩ চৈত্র ১৪২৭

০৬ এপ্রিল ২০২১

বিষয়: মানিকগঞ্জ জেলার বিচারপতি নুরুল ইসলাম কলেজের শিক্ষক জনাব নারায়ন চন্দ্র মন্ডল তথ্য গোপন করে বিবাহ করার অভিযোগ তদন্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার সদ্য জাতীয়করণকৃত বিচারপতি নুরুল ইসলাম কলেজের শিক্ষক জনাব নারায়ন চন্দ্র মন্ডল তথ্য গোপন করে হিন্দু রেজিস্ট্রার এর মাধ্যমে বিবাহ সম্পন্ন করায় এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য স্ত্রী জয়শ্রী পাল অভিযোগ দায়ের করেন। অভিযোগকারী জয়শ্রী পাল গত ৯ সেপ্টেম্বর-২০২০ তারিখ হিন্দু বিবাহ মতে সরকারি বিধি মোতাবেক(HINDU MARRIAGE REGISTRE) এর বিচারপতি নুরুল ইসলাম কলেজের শিক্ষক জনাব নারায়ন চন্দ্র মন্ডল, প্রভাষক(ইংরেজি) এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। পরবর্তীতে জানতে পারেন নারায়ন চন্দ্র মন্ডল বিবাহিত এবং তার প্রথম স্ত্রী ও সন্তান ভারতে রেখে তথ্য গোপন করে অবিবাহিত সেজে জয়শ্রী পালকে(অভিযোগকারী) বিবাহ করেছে। তিনি এ বিষয়ে কলেজের সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট অভিযোগ করে কোন প্রতিকার পাননি। শিক্ষকতার পেশার সাথে জড়িত একজন ব্যক্তি প্রতারনার আশ্রয় নেয়ায় দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের জন্য মাউশিতে আবেদন করেন।

অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য পরিচালক ও সহকারী পরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬-৪-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা অঞ্চল, ঢাকা
- ২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক
ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.২৭৫/১

তারিখ: ২৩ চৈত্র ১৪২৭

০৬ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, বিচারপতি নুরুল ইসলাম কলেজ, মানিকগঞ্জ;

৯১৫০৪

৬-৪-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক